

## জাত পরিচিতি

ব্রি ধান৮০ বৃষ্টি নির্ভর রোপা আমন মৌসুমের জাত। এর কৌলিক সারি বিআর৭৬৯৭-১৫-৪-৪-২-২। জাতটি আইআর৬৫৬১০-১০৫-২-৫-২-২ এবং আইআর৬৭৪২৩-২০৮-৬-২-৩-৩ নামক জেনোটাইপ এর সাথে সংকরায়ণ করে উদ্ভাবন করা হয়। জাতটি জাতীয় বীজ বোর্ড কর্তৃক ২০১৭ সালে রোপা আমন মৌসুমের জন্য ছাড়করণ করা হয়।



ব্রি ধান ৮০

## জাতের বৈশিষ্ট্য

- ব্রি ধান৮০ এ আধুনিক উফশী ধানের সকল বৈশিষ্ট্য বিদ্যমান
- গাছের আকার ও আকৃতি ব্রি ধান৩৭ এর মতো তবে পাতা এবং দানার আকার আকৃতি একটু মোটা
- এ গাছের কাণ্ড ব্রি ধান৩৭ এর চেয়ে শক্ত এবং গোড়া গাঢ় বাদামী বর্ণের
- ডিগপাতা খাড়া ও লম্বা
- পূর্ণ বয়স্ক গাছের উচ্চতা ১২০ সেমি
- ১০০০ টি পুষ্ট ধানের ওজন ২৬.২ গ্রাম
- চালে অ্যামাইলোজ ২৩.৬%

## জাতের প্রয়োজনীয়তা

এ ধানের চাল থাইল্যান্ডের জনপ্রিয় জেসমিন ধানের মত এবং সুগন্ধি থাকায় বিদেশে রপ্তানীযোগ্য।

## জীবন কাল

১৩০-১৩৫ দিন

## ফলন

হেক্টরে ৪.৫-৫.০ টন

## চাষাবাদ পদ্ধতি

১. বীজ বপনের সময় : ২১ আষাঢ় - ১০ শ্রাবণ (৫ - ২৫ জুলাই)
২. চারার বয়স ও সংখ্যা : ২৫ দিনের চারা প্রতি গুঁহিতে ২-৩ টি
৩. রোপনের দূরত্ব : ২০ সেমি × ১৫ সেমি
৪. সারের মাত্রা :

ইউরিয়া	টিএসপি	এমপি	জিপসাম	জিংক সালফেট
২৪	১০	১৩	৯	১.৩

সর্বশেষ জমি চাষের সময় সম্পূর্ণ টিএসপি, অর্ধেক এমওপি, জিপসাম এবং জিংক সালফেট প্রয়োগ করতে হবে। ইউরিয়া সার সমান তিন কিস্তিতে রোপনের (১০-১৫ দিন, ২৫-৩০ দিন এবং ৪০-৪৫ দিন) পর প্রয়োগ করতে হবে। বাকী অর্ধেক এমওপি তৃতীয় কিস্তি ইউরিয়ার সাথে প্রয়োগ করতে পারে।

৫. রোগবালাই ও পোকামাকড় : ব্রি ধান৮০ এ রোগবালাই ও পোকা মাকড়ের আক্রমণ তুলনামূলক কম। তবে রোগবালাই ও পোকা মাকড়ের আক্রমণ দেখা দিলে সমন্বিত বালাই দমন ব্যবস্থাপনা ব্যবহার করতে হবে।

৬. আগাছা দমন : চারা রোপনের অন্তত ৩৫-৪০ দিন পর্যন্ত জমি আগাছামুক্ত রাখতে হবে।

৭. ফসল কাটা : অগ্রহায়ণের ১-১১ (১৫-২৫ নভেম্বর)।

আরো তথ্যের জন্য :

পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর-১৭০১ ই-মেইল: dr@brri.gov.bd